# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) আমার প্রিয় খেলা

(খ) নিরাপদ সড়ক

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তুমি শাওন/আনিকা, বগুড়ার অধিবাসী। ফেসবুক আসক্তির কুফল বর্ণনা করে এ ব্যাপারে সতর্ক হবার জন্য তোমার ছোট ভাইকে একখানা পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি রাজু/সাবিনা, তোমার বিদ্যালয় 'মুনলাইট উচ্চবিদ্যালয়। শিক্ষা সফরের গুরুত্ব বর্ণনা করে প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাবার অনুমতি প্রার্থনা করে একখানা আবেদনপত্র লেখো।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) তুমি জীবনকে সুন্দর করতে চাও ভাল কথা, কিন্তু সেজন্য তোমাকে প্রাণান্ত পরিশ্রম করতে হবে? মহৎ কিছু লাভ করতে হলে কঠোর সাধনা দরকার। তোমাকে অনেক দুঃখ সহ্য করতে হবে। এসব তুচ্ছ করে যদি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হতে থাক, তবে তোমার জীবন সুন্দর হবে। তোমার ভেতর এক 'আমি' আছে। সে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগ বিলাস চায়। সে বড় লোভী। এই 'আমি' কে জয় করতে হবে। তবেই তোমার জীবন সুন্দর ও সার্থক হবে।

https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) "বসুমতি, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা,
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?"
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী—
"আমার গৌরব তাতে সামান্য বাড়ে;
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।"

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) জন্ম হোক যথা তথা কর্ম হোক ভাল।

(খ) পরের অনিষ্ট চিন্তা করে যে জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি আসিফ ইকবাল/জিনিয়া কবির। তুমি 'দৈনিক প্রথম আলো' পত্রিকার রিপোর্টার। ঢাকা শহরে 'গণপরিবহনে নৈরাজ্য' সম্পর্কে বিবরণ দিয়ে একখানা প্রতিবেদন রচনা করো।

(খ) মনে করো, তুমি অনিশা/জুবায়ের। রাজশাহী জেলা স্কুলের দশম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমার স্কুলে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের বর্ণনা দিয়ে প্রধান শিক্ষক বরাবর একখানা প্রতিবেদন তৈরি করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) বাংলাদেশের বেকার সমস্যা ও তার প্রতিকার

(গ) আধুনিক জীবন ও প্রযুক্তির ব্যবহার

Teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. সব ভাষারই কোন রূপের বৈচিত্র্য থাকে?**

ক) সাধু রূপের
খ) চলিত রূপের
গ) আদর্শ চলিত রূপের
ঘ) আঞ্চলিক রূপের

**২. 'ব্যাকরণ' শব্দটির সঠিক ব্যুৎপত্তিগত বিশ্লেষণ কোনটি?**

ক) বি+আ+√কৃ+অন
খ) বি+অ+√কৃ+অন
গ) বি+আ+√কৃ+আন
ঘ) বি+অ+√কৃ+আন

**৩. পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ কোনটি?**

ক) ঢ় খ) য
গ) ল ঘ) ব

**৪. কোন শব্দটিতে 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে?**

ক) প্রণাম খ) প্রতিভা
গ) প্রভাত ঘ) প্রত্যয়

**৫. কোনটি বিষমীভবনের উদাহরণ?**

ক) জন্ম > জম্ম খ) লাল > নাল
গ) সত্য > সচ্চ ঘ) লাফ > ফাল

**৬. কোন শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়েছে?**

ক) ব্রাহ্মণ খ) হরিণ
গ) পণ্য ঘ) ব্যাকরণ

**৭. বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ কোনটি?**

ক) সম্ + কার = সংস্কার
খ) ষট্ + দশ = ষোড়শ
গ) তৎ + কর = তস্কর
ঘ) বন্ + পতি = বনস্পতি

**৮. 'সকলের জন্য প্রযোজ্য'— এক কথায় প্রকাশ কোনটি?**

ক) সর্বজনীন খ) সার্বজনীন
গ) সর্বপ্রযোজ্য ঘ) সার্বপ্রযোজ্য

**৯. শব্দের অন্ত্যস্বরের পরিবর্তন করে যুগ্মরীতিতে গঠিত দ্বিরুক্ত শব্দের উদাহরণ কোনটি?**

ক) হাতাহাতি খ) চুপচাপ
গ) তালাচাবি ঘ) নিশপিশ

**১০. দুই এবং নব্বই = বিরানব্বই এটি কোন সমাস?**

ক) নিত্যসমাস খ) প্রাদি সমাস
গ) উপপদ তৎপুরুষ সমাস
ঘ) অব্যয়ীভাব সমাস

**১১. 'অকাজ' শব্দটিতে 'অ' উপসর্গটি কোন অর্থে প্রয়োগ হয়েছে?**

ক) নাই অর্থে খ) অভাব অর্থে
গ) নিন্দিত অর্থে ঘ) নিকৃষ্ট অর্থে

**১২. গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু কয় শ্রেণিতে বিভক্ত?**

ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

**১৩. গুণের ক্ষেত্রে ই, ঈ— স্থলে কী হয়?**

ক) ঐ খ) এ
গ) ও ঘ) ঔ

**১৪. অর্থগতভাবে শব্দসমূহ কয় ভাগে বিভক্ত?**

ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

**১৫. 'দুঃখ' কোন প্রকার বিশেষ্য পদ?**

ক) সংজ্ঞাবাচক খ) গুণবাচক
গ) ভাববাচক ঘ) জাতিবাচক

Teachingbd24.com

১৬. 'যা দমন করা কষ্টকর'— এক কথায় প্রকাশ কী হবে?

ক অদম্য　　খ দুর্নিবার
গ দুর্দমনীয়　　ঘ অপ্রতিরোধ্য

১৭. ব্যতিহারিক সর্বনাম পদ কোনটি?

ক সমুদয়　　খ তাবৎ
গ আপসে　　ঘ স্বয়ং

১৮. ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে কয় ভাগে ভাগ করা যায়?

ক দুই ভাগে　　খ তিন ভাগে
গ চার ভাগে　　ঘ পাঁচ ভাগে

১৯. 'লোহার শরীর' কোন অর্থে সম্বন্ধ পদ?

ক অভেদ　　খ ব্যাপ্তি
গ উপমান-উপমেয়　　ঘ হেতু

২০. 'নেড়া দুইবার বেলতলা যায় না'— প্রবাদটির অর্থ—

ক খুব সাবধানী লোক
খ বারবার কেউ ঠকতে চায় না
গ খুব ভীতু স্বভাবের লোক
ঘ আত্মরক্ষাই শ্রেষ্ঠ ধর্ম

২১. 'সকলের জন্য প্রযোজ্য'— এক কথায় প্রকাশ কোনটি?

ক সর্বজনীন　　খ সার্বজনীন
গ সর্বপ্রযোজ্য　　ঘ সার্বপ্রযোজ্য

২২. আধুনিক নিয়মে সম্বোধন চিহ্ন স্থানে কোন চিহ্নের প্রয়োগই বেশি হয়?

ক কমা　　খ কোলন
গ সেমিকোলন　　ঘ হাইফেন

২৩. বিশেষ্য স্থানীয় আশ্রিত খণ্ডবাক্যের উদাহরণ কোনটি?

ক তিনি বাড়ি আছেন কি না, আমি জানি না
খ যতই করিবে দান, তত যাবে বেড়ে
গ তুমি আসবে বলে আমি অপেক্ষা করছি
ঘ যে এ সভায় অনুপস্থিত, সে বড় দুর্ভাগা

২৪. বাচ্য প্রধানত কয় প্রকার?

ক দুই প্রকার　　খ তিন প্রকার
গ চার প্রকার　　ঘ পাঁচ প্রকার

২৫. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে'— এটি কোন বাক্যের উদাহরণ?

ক সরল　　খ যৌগিক
গ জটিল　　ঘ মিশ্র

২৬. 'উক্তি পরিবর্তন' বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

ক ধ্বনিতত্ত্ব　　খ শব্দতত্ত্ব
গ বাক্য তত্ত্ব　　ঘ অর্থতত্ত্ব

২৭. 'না ভালো, না মন্দ'— এখানে 'না' কোন পদ?

ক বিশেষ্য　　খ বিশেষণ
গ অব্যয়　　ঘ বিশেষণীয় বিশেষণ

২৮. কোনটি শব্দাত্মক বাগ্‌ধারা?

ক গা সওয়া
খ রোগে ধরা
গ হাতে আসা
ঘ পায়ে পড়া

২৯. স্বরান্ত শব্দের উত্তরে 'এ' বিভক্তির রূপ হয়—

ক অ্যা　　খ য়
গ এ্যা　　ঘ অ

৩০. 'পার্থক্য' বোঝাতে কোন বাগ্‌ধারাটি ব্যবহৃত হয়?

ক আকাশ-পাতাল　　খ কেতাদুরস্ত
গ ইতর বিশেষ　　ঘ নয়ছয়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com